



ষড় ঋতুর পাঁচালী

আহমেদ সাবের

আমাদের স্বপ্নের বাগানে এক দিন
শীত এসেছিল শ্বেত ভল্লকের মতো,
সফেদ স্ফটিকের সুদীর্ঘ বর্ষা হাতে।
তার নির্মম পদাঘাতের ভূমিকম্পে,
ফুঁসে উঠেছিল সমুদ্র সুনামী।
কতিপয় সাহসী যুবক, বুক পেতে
গ্রহণ করেছিল বর্ষার সুতীক্ষ্ণ ফলক।

শীতের শেষে আমাদের লণ্ডভণ্ড বাগানে
বাজলো বসন্ত সরোদ। সাথে সাথে
কতিপয় ষড়যন্ত্রী কার্টুরিয়া মঞ্চের পেছনে
সানাতে থাকলো তাদের নিষ্ঠুর কুঠার।
গ্রীষ্মের কালবৈশাখীর সাথে সন্ধি করে
তারা আবার ছিন্ন ভিন্ন করে দিলো
আমাদের ফলবতী বৃক্ষের সস্তার।

এখন, বর্ষার ঝাম ঝাম বৃষ্টির মাদলে
নেচে উঠে না কোন ময়ূরী,
ফোটেনা কোন ফুল, গায় না কোন পাখী।
শূন্য প্রান্তরে গজায় নিষ্ফলা আগাছা।
আর, শরত হেমন্তের পর্দার ওপারে
অপেক্ষা করে আরেকটা দাঁতাল ভল্লুক -
আরেকটা বর্ষ পরিক্রমার।

সিডনী, মার্চ ১৬, ২০১১